

Copyright from left to right © ICCROM - WCSM - NCAM; © World Monuments Fund; © World Monuments Fund; © Yoohoo Media

# সাংস্কৃতিক ঐতিহ্যের সংযুক্তিকরণ

[আবেদন করার জন্য]

## এটা কী?

সাংস্কৃতিক ঐতিহ্যের সংযুক্তিকরণ হল সাংস্কৃতিক ঐতিহ্য রক্ষা করার সাথে যুক্ত ব্যক্তিদের জন্য একটি আন্তর্জাতিক সহকর্মী এবং সহযোগিতামূলক শিক্ষার কর্মসূচি। সাংস্কৃতিক ঐতিহ্য সুরক্ষাতে কী কাজ করে (এবং কী করে না) তার উপর দৃষ্টি রেখে, শিখতে এবং পরস্পরকে সমর্থন করতে, ১১ মাসেরও বেশি সময় ধরে অনলাইন সেশনের ধারাবাহিকতার মাধ্যমে এই কর্মসূচিতে ৩০ জনকে একত্রিত করা হয়েছে।


আপনার অভিজ্ঞতা  আপনি যা শিখেছেন, আপনার কর্মপদ্ধতি, আপনার চ্যালেঞ্জ এবং ভাল ধারণা সবাইকে যাতে জানাতে পারেন সেভাবেই সাংস্কৃতিক ঐতিহ্যের সংযুক্তিকরণডিজাইন করা হয়েছে। এর চূড়ান্ত লক্ষ্য হল আপনার আত্মবিশ্বাস, জ্ঞান এবং সমর্থনের জনসংযোগ বৃদ্ধি করে আপনার ভবিষ্যতের কাজে আপনাকে সহায়তা করা।

### কর্মসূচি গঠন

সাংস্কৃতিক ঐতিহ্যের সংযুক্তিকরণ মধ্য প্রাচ্য, উত্তর আফ্রিকা, পূর্ব আফ্রিকা এবং দক্ষিণ এশিয়ায় সাংস্কৃতিক ঐতিহ্য সুরক্ষার কাজে যুক্ত বিভিন্ন  যোগ্য ব্যক্তিদের এবং সংস্থার সহযোগিতায় ডিজাইন করা হয়েছিল। এটি তিনটি ৮ সপ্তাহের চক্র বা সাইকেল নিয়ে গঠিত, যার প্রতিটিতে সাংস্কৃতিক ঐতিহ্য সুরক্ষা সম্পর্কিত একটি ভিন্ন দৃষ্টি আছে:

1. প্রথমে, আমরা সাংস্কৃতিক ঐতিহ্য সুরক্ষার বিশেষজ্ঞ হিসাবে আপনার কর্মপদ্ধতি সম্পর্কে আরও জানব। সম্ভাব্য বিষয়: দেশজ এবং ঐতিহ্যগত কর্মপদ্ধতি সমর্থন,  পরিবেশের পক্ষে সহনীয় উন্নয়ন, এবং জলবায়ু পরিবর্তনের মোকাবিলা।
2. দ্বিতীয় চক্রে, আমরা বিভিন্ন ব্যবস্থাপনা সংক্রান্ত চ্যালেঞ্জের দিকে এগিয়ে যাব ।
   সম্ভাব্য বিষয়: মূল্যায়ন এবং শেখা, তহবিল গঠন, ডিজিটাইজেশন, সংরক্ষণ ও নথিভুক্তিকরণ এবং বৈচিত্র্যের ব্যবস্থাপনা।
3. শেষ চক্রে, আমরা জন সমর্থন নিয়ে ভাবনা-চিন্তা করব এবং আমাদের কাজের জন্য যুক্তি প্রদান করব।
   সম্ভাব্য বিষয়: অংশীদারিত্ব এবং জোট, সাংস্কৃতিক সম্পর্ক, নীতিনির্ধারকদের সাথে কথা বলা, এবং সাংস্কৃতিক ঐতিহ্যের জন্য যুক্তি প্রদান করব।

প্রতিটি চক্রের সময় একটি ভূমিকা পর্ব থাকবে, তারপরে বিষয়ভিত্তিক ছোট দলীয় পর্ব থাকবে এবং আমরা একটি সারসংক্ষেপ পর্ব দিয়ে শেষ করব। প্রতিটি চক্রের পরে, কর্মসূচিটি নিয়ে বিবেচনা করার এবং শিক্ষনীয় বিষয় জানানোর জন্য আমাদের কাছে সময় থাকবে। অংশগ্রহণকারী হিসাবে, আপনি প্রতিটি চক্রেই অন্বেষণের জন্য সমস্যা এবং বিষয়গুলির প্রস্তাব দিতে এবং নির্বাচন করতে পারবেন।



জুলাই ২০২৩ – মে ২০২৪

প্রায় ৩৫ ঘন্টা অনলাইন পর্ব, সঙ্গে কিছু অফলাইন কাজ

কর্মসূচি পর্বগুলি Zoom - এর মাধ্যমে প্রদান করা হবে।
অন্যান্য অংশগ্রহণকারী এবং কর্মসূচি প্রদানকারী দলের সাথে যোগাযোগ করার জন্য একটি অনলাইন চ্যানেলও থাকবে।


কর্মসূচিটি ইংরেজিতে পরিচালিত হবে, তবে সীমিত সংখ্যক ভাষার জন্য সহায়তা পাওয়া যাবে।

যুক্ত থাকার জন্য আপনাকে £ ১২০০ প্রদান করা হবে, দুটি কিস্তিতে অর্থ প্রদান করা হবে, কর্মসূচির শুরুতে প্রথমটি এবং দ্বিতীয়টি কর্মসূচি সফলভাবে সম্পন্ন হওয়ার পরে।

## এটি কাদের জন্য?

সাংস্কৃতিক ঐতিহ্যের সংযুক্তিকরণ সেইসব মানুষদের জন্য পরিকল্পিত যাদের:

- সাংস্কৃতিক ঐতিহ্যের সুরক্ষায় এক সক্রিয় ভূমিকা আছে।
- কমিউনিটি লিডার/সংগঠক, সাংস্কৃতিক ঐতিহ্যের যোগ্য ব্যক্তি, প্রকল্পের প্রধান/ম্যানেজার হিসাবে একটি ভূমিকা আছে
- যোগ্য দেশগুলির মধ্যে একটিতে সাংস্কৃতিক ঐতিহ্য সুরক্ষার ক্ষেত্রে কাজ করার অভিজ্ঞতা আছে:
    - মধ্যপ্রাচ্য ও উত্তর আফ্রিকা: আলজেরিয়া, মিশর, ইরাক, জর্ডান, লেবানন, লিবিয়া, অধিকৃত ফিলিস্তিনি অঞ্চল, সিরিয়া, তিউনিসিয়া, ইয়েমেন
    - পূর্ব আফ্রিকা: ইথিওপিয়া, কেনিয়া, সুদান, তানজানিয়া, উগান্ডা
    - দক্ষিণ এশিয়া: বাংলাদেশ, নেপাল, পাকিস্তান
- সাংস্কৃতিক ঐতিহ্য সুরক্ষাতে কী কাজ করে তা আন্তর্জাতিক সহকর্মীদের সাথে ভাগ করে নেওয়ার এবং শেখার প্রতি অঙ্গীকার
- ভার্চুয়াল রীতিতে অংশগ্রহণ করার ক্ষমতা (দলীয় পর্বের সময় ইন্টারনেট এবং Zoom - এ এবং পর্বের মধ্যে তথ্য ভাগ করে নেওয়ার প্ল্যাটফর্মগুলিতে অ্যাক্সেস করা)
- কাজ চালানোর মত ইংরেজিতে কথা বলা



আবেদনের মাধ্যমে কর্মসূচিতে অংশগ্রহন করতে হবে। কর্মসূচির জন্য অংশগ্রহণকারীদের যোগ্যতা এবং দক্ষতা, অভিজ্ঞতা এবং দলে আগ্রহের ভারসাম্য অর্জন করার ভিত্তিতে তাঁদের নির্বাচন করা হবে।

আমরা স্বীকার করি যে পেশাদার উন্নয়নে অংশগ্রহণের ক্ষেত্রে একটি খরচ আছে এবং তাই আমরা অ্যাক্সেসের সমতায় সহায়তা করার জন্য সমস্ত অংশগ্রহণকারীদের একটি ছোট, "অংশগ্রহণের ফি" প্রদান করি।

## প্রত্যাশা

আপনি যদি এই কর্মসূচিতে অংশগ্রহণের জন্য নির্বাচিত হন তবে আমরা আপনার থেকে আশা করব যে আপনি:

- এই কর্মসূচিতে প্রতিশ্রুতিবদ্ধ হবেন এবং এই গোষ্ঠীর একটি সক্রিয় অংশ হয়ে উঠবেন।
- সাংস্কৃতিক ঐতিহ্যের সুরক্ষার আপনার নিজের অভিজ্ঞতা সম্পর্কে কথা বলার জন্য প্রস্তুত থাকবেন এবং অন্যদের কথা শুনবেন।
- মুক্তমনা, সৎ এবং সহকর্মীদের প্রচেষ্টা এবং প্রসঙ্গের প্রতি শ্রদ্ধাশীল হওয়া সমেত সহকর্মী-শিক্ষণের নীতিগুলি পালন করবেন।
- আপনার শেখার বিষয়ে এবং আপনি অন্যদের কাছ থেকে কী শিখতে পারেন সে সম্পর্কে কৌতূহলী হবেন।
- কর্মসূচির বাইরেও আপনার সম্প্রদায় বা সংগঠন এবং জনসংযোগে আপনি কীভাবে শিক্ষণ এবং ফলাফল ভাগ করতে পারেন তা বিবেচনা করবেন।
- আপনার নিজের শেখার দায়িত্ব নেবেন। আমরা আপনাকে অনুসন্ধানের জন্য একটি নির্দিষ্ট এলাকা সনাক্ত করতে এবং কর্মসূচি চলাকালীন একটি ব্যক্তিগত "শিক্ষণের নথি" বা ডায়েরির মাধ্যমে এটির উপর লক্ষ্য রাখার জন্য বলব।
- প্রতিটি চক্রের সময় সমস্ত পূর্ণ-দলীয় পর্বে এবং কমপক্ষে তিনটি ছোট দলীয় পর্বে অংশগ্রহণ করুন।
- মূল্যায়ন উদ্দেশ্যে কর্মসূচি বরাবর আপনার অভিজ্ঞতার উপর চিন্তা-ভাবনা করুন এবং মতামত দিন।

## কিভাবে আমি আবেদন করবো?

আবেদন করার জন্য


আবেদন করার জন্য, অনুগ্রহ করে এই আবেদন পত্রটি পূরণ করুন।

আপনি যদি উপরে বর্ণিত আবেদনকারীর প্রোফাইলের জন্য উপযুক্ত হন , তাহলে অনুগ্রহ করে নির্দিষ্ট শব্দ সীমার মধ্যে যতটা পারেন বিস্তারিত রূপে আবেদন প্রশ্নের উত্তর প্রদান করুন। আপনাকে সম্পূর্ণ শব্দ সীমা ব্যবহার করতে হবে না বা নির্দিষ্ট কোনও প্রকল্প সম্পর্কে আমাদের প্রচুর বিবরণ দিতে হবে না তবে সাংস্কৃতিক ঐতিহ্য সুরক্ষার ক্ষেত্রে আপনার আগ্রহ এবং অভিজ্ঞতার পরিসর সম্পর্কে আমাদের উপযুক্ত ধারণা দিলে তা সহায়ক হবে।

## আপনার আবেদন জমা দেওয়া হচ্ছে

আপনার আবেদন সম্পূর্ণ হয়ে গেলে, অনুগ্রহ করে নিশ্চিত করুন যে আপনি আবেদন করার জন্য 'জমা দিন' বোতামে ক্লিক করেছেন। আপনার জমা দেওয়া নিশ্চিত করার জন্য একটি ইমেল পাঠানো হবে।

অনুগ্রহ করে নিশ্চিত করুন যে আপনার আবেদনটি ১৯শে জুন ২০২৩ এর ৯:০০ বিএসটি (ব্রিটিশ সামার টাইম) এর নির্দিষ্ট সময়সীমার আগে জমা দেওয়া হয়েছে, কারণ এটি সময়সীমার পরে জমা দেওয়া হলে আপনার আবেদন বিবেচনা করা হবে না।



## নির্বাচন প্রক্রিয়া:

একটি স্বচ্ছ মূল্যায়ন প্রক্রিয়া ব্যবহার করে, কর্মসূচির অংশগ্রহণকারীদের চূড়ান্ত নির্বাচন নিম্নলিখিত মানদণ্ডের উপর ভিত্তি করে করা হবে:

- অভিপ্রেত প্রোফাইলের সাথে আপনার কতখানি মিলছে (উপরে এটি কার  জন্য দেখুন)
- সাংস্কৃতিক ঐতিহ্যের সুরক্ষার জন্য অন্যদের সাথে সংযোগ স্থাপন করতে এবং 'কী কাজ করে' - তে অবদান রাখতে আপনার আগ্রহ
- কর্মসূচি এবং তার লক্ষ্যের প্রতি আপনার আগ্রহ এবং অভিজ্ঞতার প্রাসঙ্গিকতা
- দক্ষতা, আগ্রহ এবং পেশাদার অভিজ্ঞতার একটি উপযুক্ত সমন্বয় অর্জন  করা (অভিজ্ঞতার দৈর্ঘ্য এবং প্রকার, আপনি কোনও সম্প্রদায়ের বিন্যাসের মধ্যে বা একটি ঐতিহ্য সংস্থার মধ্যে ঐতিহ্যের ক্ষেত্রে কাজ করেছেন কিনা তা সহ)
- যোগ্য দেশগুলিতে বসবাসের অভিজ্ঞতা, লিঙ্গ এবং ভৌগোলিক বিস্তারের সমন্বয় অর্জন করা

কর্মসূচিটি ইংরেজিতে পরিচালিত হবে, তবে আমরা কিছু অনুবাদের বিষয়বস্তু প্রদান করতে পারব এবং সীমিত সংখ্যক ভাষার জন্য পর্ব চলাকালীন কিছু দোভাষীর সহায়তা  প্রদান করতে পারব।

উপরোক্ত নির্বাচন মানদণ্ড উপর ভিত্তি করে আবেদন বাছাই করা হবে। একটি প্যানেল দ্বারা চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া হবে, সাংস্কৃতিক ঐতিহ্যের সুরক্ষায় দক্ষতা, অভিজ্ঞতা এবং  আগ্রহের ভারসাম্যের মত কিছু বিষয় বিবেচনা করা হবে।

২৬শে জুন ২০২৩ তারিখের ভেতরে আপনার আবেদনের ফলাফল সম্পর্কে ইমেল দ্বারা আপনার সাথে যোগাযোগ করা হবে। নির্বাচিত হলে, আপনাকে একটি লার্নিং এগ্রিমেন্ট (শিক্ষণ চুক্তি) স্বাক্ষর করতে বলা হবে যা কর্মসূচিতে আপনার ভূমিকা, দায়িত্ব এবংপ্রতিশ্রুতির বর্ণনা দেয়।


## প্রশ্ন এবং আরও তথ্য

যদি আপনার কর্মসূচি বা আবেদন প্রক্রিয়া সম্পর্কে কোনও প্রশ্ন থাকে, তাহলে caitlin.wagner@theaudienceagency.org-এ ইমেল করুন।

আপনি যদি কর্মসূচিটি সম্পর্কে আরও জানতে চান এবং আপনার অঞ্চলের আমাদের অংশীদারদের সাথে কথা বলতে চান তবে অনুগ্রহ করে সংশ্লিষ্ট অংশীদারকে ইমেল করুন:

- মধ্যপ্রাচ্য ও উত্তর আফ্রিকা: Al-Mawred Al-Thaqafy
- পূর্ব আফ্রিকা: Bayimba Foundation
- দক্ষিণ এশিয়া: এশিয়া-ইউরোপ ফাউন্ডেশন

আমরা 0৮ জুন সকাল ৯ টা বিএসটি তে কর্মসূচি সম্পর্কে একটি সংক্ষিপ্ত বৈঠক করছি যখন আমরা আপনার কোনও প্রশ্ন থাকলে তার উত্তরও দিতে পারব। বৈঠক পর্বটি ইংরেজিতে হবে। উপস্থিতি ঐচ্ছিক, এবং পর্বের উপরে নোট অনুষ্ঠানটির পরে এই পেজে জানানো হবে। অনুগ্রহ করে আপনার উপস্থিতি নিবন্ধিত করুন এবং এখানে পর্বের একটি লিঙ্ক পাবেন।



[আবেদন করার জন্য]


## আমাদের সম্পর্কে

ব্রিটিশ কাউন্সিলের সাংস্কৃতিক সুরক্ষা তহবিলের ‘কী কাজ করে’ কর্মসূচির অংশ হিসাবে অডিয়েন্স এজেন্সি, বেইম্বা, এশিয়া-ইউরোপ ফাউন্ডেশন এবং কালচারাল রিসোর্স দ্বারা সাংস্কৃতিক ঐতিহ্যের সংযুক্তকরণ প্রদান করা হচ্ছে।

যোগ্য ব্যক্তিদের আস্থা, জ্ঞান এবং জনসংযোগ বিকাশে সহায়তা করতে  সাংস্কৃতিক সুরক্ষা তহবিলের কাজের অংশ হিসাবে ব্রিটিশ কাউন্সিল দ্বারাসাংস্কৃতিক ঐতিহ্যের সংযুক্তিকরণ গঠন করা হয়েছে। এই কর্মসূচিটি ব্রিটিশ কাউন্সিলের সহকর্মী এবং সহযোগিতামূলক শিক্ষণ পদ্ধতির জন্য শেখার এবং সর্বোত্তম কর্মপদ্ধতির বিষয়ে অবহিত করতে সহায়তা করবে।

দ্য কালচারাল প্রোটেকশন ফান্ড (সিপিএফ) ডিজিটাল, সংস্কৃতি, গণমাধ্যম এবং ক্রীড়া (ডিসিএমএস)- র জন্য যুক্তরাজ্যের সরকারী বিভাগের অংশীদারিত্বের সাথে ব্রিটিশ কাউন্সিলের নেতৃত্বে পরিচালিত হয়। এই তহবিলের মূল উদ্দেশ্য হল সাংস্কৃতিক ঐতিহ্যকে উৎসাহিত, সুরক্ষিত এবং পালন করার জন্য ক্ষমতা গঠনের মাধ্যমে সামাজিক ও অর্থনৈতিক বিকাশের জন্য পরিবেশের পক্ষে সহনীয় সুযোগ তৈরি করা। সিপিএফ প্রকল্পগুলির জন্য অর্থায়ন করে যা সাংস্কৃতিক ঐতিহ্য স্থান এবং বস্তুগুলিকে নিরাপদ রাখে, পাশাপাশি সাংস্কৃতিক ঐতিহ্যের রেকর্ডিং, সংরক্ষণ এবং পুনরুদ্ধারে সহায়তা করে। এটি স্থানীয় সম্প্রদায়ের জন্য প্রশিক্ষণ এবং শিক্ষার সুযোগ প্রদান করে, এবং তাঁদের সাংস্কৃতিক ঐতিহ্যকে দীর্ঘসময় ধরে মূল্য দিতে, যত্নে রাখতে এবং তা থেকে সুবিধা পেতে  তাদের সমর্থ করে এবং ক্ষমতা প্রদান করে। ২০১৬ সাল থেকে সাংস্কৃতিক সুরক্ষা তহবিল ১৬টি দেশের ১১২টি প্রকল্পে £৩৫ মিলিয়নের বেশি অর্থ প্রদান করেছে।

সাংস্কৃতিক ঐতিহ্য সংযুক্তিকরণ হল সাংস্কৃতিক সুরক্ষা তহবিলের ‘কী কাজ করে’ কর্মসূচির অংশ, যার লক্ষ্য আন্তর্জাতিক ঐতিহ্যের সুরক্ষা ক্ষেত্র জুড়ে যোগ্য ব্যক্তিদের এবং অন্যান্য সিদ্ধান্ত গ্রহণকারীদের কাছে শ্রেষ্ঠ লভ্য প্রমাণ এনে দিয়ে সাংস্কৃতিক ঐতিহ্যের সুরক্ষা এবং স্থানীয় সম্প্রদায়ের জন্য আরও ভাল ফলাফলে সহায়তা করা। অবগত গবেষণা, সিদ্ধান্ত গ্রহণের পন্থা, শ্রেষ্ঠ  কর্মপদ্ধতি  এবং  গৃহীত পাঠগুলি ভাগ করে, এটি আরও সহযোগিতা বৃদ্ধি করার লক্ষ্য রাখে, এবং সাংস্কৃতিক ঐতিহ্যের সুরক্ষা এবং বিকাশের ক্ষেত্রে আরও  সমন্বিত  প্রভাব  রাখতে অবদান  রেখে চলেছে। সাংস্কৃতিক ঐতিহ্যের সুরক্ষায় উচ্চ মানের ব্যবহারযোগ্য প্রমাণের উন্নত প্রবেশাধিকার ঘিরে কী কাজ করে কেন্দ্রীভূত; প্রমাণ ব্যবহার করার জন্য বর্ধিত উৎসাহ; সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে প্রমাণগুলি ভালভাবে ব্যবহার করার জন্য বর্ধিত সুযোগ এবং প্রমাণগুলি ব্যবহার করার জন্য বর্ধিত ক্ষমতা।



নীচের লোগো ক্লিক করে অংশীদারদের সম্পর্কে আরও জানুন: